

তারিখ: ০৩.০৮.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

দেশপ্রেম ধারণ করে দেশ গঠনে শিক্ষার্থীদের এগিয়ে যেতে হবে : মেয়র ডা. শাহাদাত হোসেন

দেশের মানুষের ভাগ্য বদলে দেশপ্রেম ধারণ করে দেশ গঠনে শিক্ষার্থীদের এগিয়ে আসতে হবে বলেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। রবিবার (৩ আগস্ট) সকালে নগরীর নাসিরাবাদ বিদ্যালয় প্রাঙ্গণে অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়ে এসএসসি কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে ২০২৫ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ ৫ প্রাপ্ত কৃতী শিক্ষার্থীদের সংবর্ধনা জানানো হয়। ডা. শাহাদাত হোসেন বলেন, “স্কুল শুধু পুঁথিগত শিক্ষা দেয় না, বরং তা শৃঙ্খলা, সময়ানুবর্তিতা, বন্ধুত্ব এবং ভ্রাতৃত্ববোধ গঠনের পাঠ শেখায়। এই শিক্ষাই ভবিষ্যতে জীবনের প্রতিটি ধাপে সহায়ক হবে। তোমাদের মধ্যে সততা ও দেশপ্রেম জাগ্রত থাকলে তোমরাই গড়বে দুর্নীতিমুক্ত ও প্রযুক্তি-সমৃদ্ধ বাংলাদেশ।” তিনি আরও বলেন, “আজকের রেজাল্ট শুধু সংখ্যা নয়, এটি তোমাদের কঠোর পরিশ্রম, আত্মবিশ্বাস এবং শিক্ষকদের অবদানকে প্রতিফলিত করে। এই ফলাফল যেন শুধু সার্টিফিকেটে সীমাবদ্ধ না থেকে নৈতিক শিক্ষা ও নেতৃত্বদানে অনুপ্রেরণা হয়ে ওঠে।” বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি শহিদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক কাজী সুলতানা ইয়াসমীন। বক্তব্য রাখেন শিক্ষক প্রতিনিধি বিলকিস আক্তার ও অভিভাবক প্রতিনিধি রাশেদ কালাম। সঞ্চালনায় ছিলেন সহকারী শিক্ষক স্নেহা চৌধুরী ও ফারহানা আক্তার। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন জেএমটি ফার্নিচার, রিজনশিপ শিপিং-এর প্রতিনিধি, নাসির কো-অপারেটিভ হাউজিং সোসাইটির কর্মকর্তাবৃন্দ, স্কুলের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীরা।



স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮